



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে “Geo-Information for Climate Change Resilient Urban Planning and Development of Barishal City” শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৪ এপ্রিল ২০২৫ খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে Geo-Information for Climate Change Resilient Urban Planning and Development of Barishal City বা বরিশাল শহরের জলবায়ু পরিবর্তনের জন্য তথ্য-সহনশীল নগর পরিকল্পনা ও উন্নয়ন শীর্ষক একটি সেমিনার। Geo Information for the Implementation of a Climate Change Resilient Urbanization (GICU) Project এর আওতায় Federal Institute for Geosciences and Natural Resources (BGR), Germany & Geological Survey of Bangladesh (GSB) and Department of Geology & Mining, University of Barishal যৌথভাবে এ সেমিনারের আয়োজন করে। অদ্য ২৪ এপ্রিল ২০২৫ তারিখ সকাল ১১ টায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এ সেমিনারটি অনুষ্ঠিত হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে ভারুয়ালি সংযুক্ত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. শুচিতা শরমিন। বিশেষ অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য প্রফেসর ড. গোলাম রব্বানী এবং টেজারার প্রফেসর ড. মোঃ মামুন অর রশিদ, জীববিজ্ঞান অনুষদের ডিন ড. হাফিজ আশরাফুল হক, GSB এর পকল্প পরিচালক আসমা হক, BGR এর প্রকল্প ব্যবস্থাপক ওয়ার্নার বুচার্ট এবং GICU প্রজেক্টের প্রিন্সিপাল অ্যাডভাইজর (লোকাল) এ.টি.এম আসাদুজ্জামান। বরিশাল বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান ও প্রকৌশল অনুষদের ডিন ড. ধীমান কুমার রায়ের সভাপতিত্বে অনুষ্ঠিত এ সেমিনারে আরও বক্তব্য রাখেন GSB এর উপ-পরিচালক (জিওলজি) মোহাম্মদ ফিরোজ আলম, GSB এর উপ-পরিচালক (জিওলজি) মোহাম্মদ আনিসুর রহমান, GSB এর উপ-পরিচালক (জিওলজি) মোহাম্মদ আরিফুজ্জামান, সহকারী পরিচালক তাহেরা আফরিন এবং সহকারী পরিচালক মোহাম্মদ খাইরুল ইসলাম। সেমিনারে বক্তারা জলবায়ু পরিবর্তনের নানা বিষয় তুলে ধরেন এবং সহনশীল নগর পরিকল্পনা ও উন্নয়ন বিষয়ের উপর বিস্তারিত আলোচনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মোঃ ফয়সল মাহমুদ

(মো. ফয়সল মাহমুদ)

উপ-পরিচালক

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়